

তারিখ : ১৮ জানুয়ারি, ২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৮/০১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো. মুনতাসির হাসান এর নেতৃত্বে "মিয়ামি বেকারি" বড় আলমপুর, আদর্শ সদর, কুমিল্লাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটি তাদের কর্মচারীদের স্বাস্থ্য সনদ, প্রিমিসেস লাইসেন্স এবং ফায়ার লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়। প্রতিষ্ঠানটির ভিতরের পরিবেশ অত্যন্ত নোংরা এবং অপরিচ্ছন্ন অবস্থায় পাওয়া যায়। ফ্রিজে প্রচুর লেবেল বিহীন খাদ্য মজুদ করতে দেখা যায়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযানটি যথাক্রমে কান্দিরপাড় মোরে "সিটি পয়েন্ট রেস্টুরেন্ট" এ পরিচালনা করা হয়। অভিযানকালে প্রতিষ্ঠানটির কিচেন অত্যন্ত নোংরা এবং অপরিচ্ছন্ন অবস্থায় পাওয়া যায়। প্রতিষ্ঠানটি তাদের কোন প্রকার পেস্ট কন্ট্রোল এর প্রমানক প্রদর্শনে ব্যর্থ হয় এবং ফ্রিজে লেবেল বিহীন বেশ কিছু খাদ্য মজুদ করতে দেখা যায়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে "মিয়ামি বেকারি এবং সিটি পয়েন্ট রেস্টুরেন্ট" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা নিরাপদ খাদ্য অফিসার মো: ইয়ামিন হোসেন (কুমিল্লা), জেলা নিরাপদ খাদ্য পরিদর্শক (কুমিল্লা) ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং জেলা পুলিশ কুমিল্লা সদস্যবৃন্দের একটি টৌকস টিম উপস্থিত ছিলেন।

(মোঃ আখতার মামুন)  
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ  
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd  
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।